



রেজিস্ট্রার দপ্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ঢাকা-১১০০, বাংলাদেশ।

ফোন : ৭১১০৪১৫, ০২-৯৫৭৩৮৭৯

ফ্যাক্স : (+৮৮০-২) ৭১১৩৭৫২

জবি/প্রশা-৩২(০৬)/২০০৮/ *৫৫৫*

তারিখ : ০৮ ডিসেম্বর, ২০১৬

নোটিশ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানাচ্ছি যে, আগামী ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০১৬ উদ্‌যাপন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নবর্ণিত কর্মসূচী/অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে:

তারিখ	কর্মসূচি ও সময়
১৪ ডিসেম্বর, ২০১৬ বুধবার	ক) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, কালো পতাকা উত্তোলন, কালো ব্যাজ ধারণ। সূর্যোদয়ের সাথে সাথে। খ) সকাল ৭.৩০ টায় মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধের গেটে মিলিত হয়ে বুদ্ধিজীবী স্মৃতি সৌধের উদ্দেশ্যে যাত্রা এবং পুষ্পস্তবক অর্পণ। গ) মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণ শেষে বেড়া বাঁধ হয়ে রায়ের বাজার বধ্যভূমিতে পৌঁছানো এবং পুষ্পস্তবক অর্পণ।
১৬ ডিসেম্বর, ২০১৬ শুক্রবার	ক) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন (জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে) সূর্যোদয়ের সাথে সাথে। খ) জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের উদ্দেশ্যে সাভারে মিলিত হওয়ার সময় সকাল : ৭.০০টা। গ) জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ শেষে ধানমন্ডি ৩২নং-এ অবস্থিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রত্যাবর্তন ১০.০০টায়। ঘ) শহীদ বুদ্ধিজীবী এবং স্বাধীনতা যুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে কুরআনখানি ও মিলাদ মাহফিল অনুষ্ঠান। স্থান : বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদ, সময়: বাদ জুমা।

উক্ত কর্মসূচী/অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে অংশগ্রহণের অনুরোধ জানানো হলো।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

৫/১২/১৬

(প্রকৌশলী মোঃ জহিদুজ্জামান)

রেজিস্ট্রার